গ্যাস-বিদ্যুৎ সংকট না কাটলে আন্দোলনে থাকার ঘোষণা নাহিদের



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

দেশের গ্যাস, বিদ্যুৎ ও আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত মাঠে থাকার কথা জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। শুক্রবার (১১ সেপ্টেম্বর) সকালে নিজের নির্বাচনী এলাকা সাতারকুলে গিয়ে তিনি এ কথা জানান।

নাহিদ ইসলামের অভিযোগ, সরকার দায়িত্ব নেওয়ার পর গত সাত মাসে কার্যকর উদ্যোগ নিলে গ্যাস-বিদ্যুৎসহ বিভিন্ন সংকট মোকাবিলা করা যেত। তার দাবি, শেখ হাসিনার আমল থেকেই দেশে গ্যাস ও বিদ্যুতের সংকট চলছে এবং ওই সময়ে ব্যাপক দুর্নীতি হয়েছে।

সাতারকুলের মানুষ চাঁদাবাজদের প্রত্যাখ্যান করেছে উল্লেখ করে নাহিদ বলেন, ভবিষ্যতেও তাদের ভোট দেবে না জনগণ।

এ সময় উন্নয়ন বরাদ্দ নিয়ে কথা বলেন এনসিপির আহ্বায়ক। তিনি অভিযোগ করেন, সরকারি দলের মতো বিরোধী দল বরাদ্দ পায় না। ফলে ইচ্ছা থাকলেও এলাকার উন্নয়নের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা নেওয়া কঠিন হয়ে পড়ে। সরকার ও বিরোধী দলের জন্য সমান বরাদ্দ নিশ্চিত করা উচিত বলেও মন্তব্য করেন তিনি।